

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৩০৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে হাদীস কোন কোন অনভিজ্ঞ ব্যক্তিকে এই সংশয়ে ফেলে দেয় যে, সমস্ত জমিনই হয়তো পবিত্র, যাতে সালাত আদায় করা যায়

ذِكْنُ خَبَرٍ قَدْ يُوهِمُ غَيْرَ المتبحِّر فِي صِنَاعَةِ الْعِلْمِ أَنَّ الْأَرْضَ كُلَّهَا طَاهِرَةٌ يَجُوزُ لِلْمَرْءِ الصَّلَاةُ عَلَيْهَا

আরবী

2309 _ أَخْبَرَنَا الْفَضْلُ بْنُ الحُبابِ قَالَ: حَدَّثَنَا مُوسَى بْنُ إِسْمَاعِيلَ قَالَ: حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ عَنِ الْعَلَاءِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ عَنِ الْعَلَاءِ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (فُضِلِّتُ عَلَى الْأَنْبِيَاءِ بستٍ أُعطِيتُ جَوَامِعَ الكلِمِ ونُصِرْتُ بالرُّعبِ وأُحلِّت لِيَ الْأَنْبِياءِ بستٍ أُعطِيتُ جَوَامِعَ الكلِمِ ونُصِرْتُ بالرُّعبِ وأُحلِّت لِيَ الْأَنْبِياءِ بستٍ أَعطيتُ وَأُرْسِلْتُ إِلَى الْخَلْقِ كَافَّةً وَخُتِم بي الغنائمُ وَجُعِلَت لِيَ الْأَرْضُ طَهُورًا وَمَسْجِدًا وأُرْسِلْتُ إِلَى الْخَلْقِ كَافَّةً وَخُتِم بي النبيون)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 2309 | خلاصة حكم المحدث: صحيح _ ((الإرواء)) (285).

বাংলা

২৩০৯. আবৃ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "আমাকে অন্যান্য নাবীদের উপর ছয়টি জিনিসের মাধ্যমে শ্রেষ্ঠত্ব দেওয়া হয়েছে। (১) আমাকে ব্যাপক অর্থবাধক উচ্চাঙ্গের ভাব ও ভাষাময় বাক্য প্রদান করা হয়েছে, (২) ভীতি দ্বারা আমাকে সাহায্য করা হয়েছে, (৩) আমার জন্য গনীমতের মাল হালাল করা হয়েছে, (৪) জমিনকে আমার জন্য পবিত্র ও সালাত আদায়ের স্থান করে দেওয়া হয়েছে, (৫) আমাকে সমস্ত সৃষ্টিজীবের জন্য রাসূল করে পাঠানো হয়েছে এবং (৬) আমার মাধ্যমে নবীদের ধারার পরিসমাপ্তি করা হয়েছে।"[1]

ফুটনোট



[1] সহীহ মুসলিম: ৫২৩; তিরমিযী: ৪/১২৩; বাগাবী: ৩৬১৭; মুসনাদ আহমাদ: ২/৪১১-৪১২; ইবনু মাজাহ: ৫৬৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আল ইরওয়াউল গালীল: ২৮৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন